

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২৫, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ/২৯ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-১৫৪ —সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩৪
এর ২ এর প্রদত্ত ক্ষমতাবলে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে শর্ত
সাপেক্ষে সীমিত পরিসরে নির্দিষ্ট সংখ্যক যাত্রী নিয়ে স্বাস্থ্য বিধি নিশ্চিতকল্পে সরকার আন্তঃজেলা ও
দূরপাল্লায় চলাচলকারী (ঢাকা মহানগর ও এর পার্শ্ববর্তী এলাকা এবং চট্টগ্রাম মহানগরসহ) বাস ও
মিনিবাসের সর্বোচ্চ ভাড়া নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করল :

- (ক) আন্তঃজেলা ও দূরপাল্লা রুটে বাস/মিনিবাস চলাচলের ক্ষেত্রে সড়ক পরিবহন ও
মহাসড়ক বিভাগের ০৩ মে ২০১৬ খ্রিঃ তারিখের ৩৫.০০.০০০০. ০২০. ২৬. ০০৫.
১৬-১৬৩ নং প্রজ্ঞাপনমূলে উল্লিখিত বিদ্যমান ভাড়ার (প্রতি যাত্রী প্রতি কিলোমিটার
সর্বোচ্চ ১.৪২ টাকা) ৬০ শতাংশ বৃদ্ধি;
- (খ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে বাস/মিনিবাস চলাচলের ক্ষেত্রে সড়ক পরিবহন ও
মহাসড়ক বিভাগের ১৬ সেপ্টেম্বর ২০১৫ খ্রিঃ তারিখের ৩৫.০২০.০০৬. ০০. ০০.
০১৯.২০১৩-৪১৭নং প্রজ্ঞাপনে উল্লিখিত বিদ্যমান ভাড়ার (ঢাকা ও চট্টগ্রাম
মহানগরীতে চলাচলরত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া প্রতি যাত্রী প্রতি
কিলোমিটার যথাক্রমে ১.৭০ টাকা ও ১.৬০ টাকা। বাস ও মিনিবাসের ক্ষেত্রে সর্বনিম্ন
ভাড়ার বিদ্যমান হার ৭.০০ টাকা ও ৫.০০ টাকা) ৬০ শতাংশ বৃদ্ধি;
- (গ) ঢাকা ট্রান্সপোর্ট কোঅর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ) এর আওতাধীন জেলার
(নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ ও ঢাকা জেলা) অভ্যন্তরে
চলাচলকারী বাস ও মিনিবাস উভয় ক্ষেত্রে ভাড়ার হার প্রতি যাত্রী প্রতি কিলোমিটার
১.৬০ টাকার ৬০ শতাংশ বৃদ্ধি।

(৭৭৬৫)

মূল্য : টাকা ৪.০০

শর্তাবলী :—

- (ক) একজন যাত্রীকে বাস/মিনিবাসের পাশাপাশি দুইটি আসনের একটি আসনে বসিয়ে অপর আসনটি অবশ্যই ফাঁকা রাখতে হবে। স্বাস্থ্য বিধি অনুসারে শারীরিক ও সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। কোনোভাবেই সংশ্লিষ্ট মোটরযানের রেজিস্ট্রেশন সার্টিফিকেটে উল্লিখিত মোট আসন সংখ্যার অর্ধেকের বেশি যাত্রী বহন করা যাবে না এবং দাঁড়িয়ে কোনো যাত্রী বহন করা যাবে না;
- (খ) বর্ণিত প্রজ্ঞাপনদ্বয়ের উল্লিখিত ভাড়ার বিদ্যমান হারে প্রচলিত ভাড়ার চার্জে বর্ণিত ভাড়ার সাথে সরকার কর্তৃক অনুমোদিত ভাড়া বৃদ্ধির হার যোগ করে নতুন ভাড়া নির্ধারিত হবে;
- (গ) স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক বাস/মিনিবাস পরিচালনা করতে হবে;
- (ঘ) অনুমোদিত ভাড়ার হার করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতিতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত আপাতত ২ (দুই) সপ্তাহ পর্যন্ত বলবৎ থাকবে।

২। জনস্বার্থে জারীকৃত এ ভাড়া বৃদ্ধির হার ৩১ মার্চ ২০২১ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জসিম উদ্দিন

সহকারী সচিব।